104

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 JAN 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সমস্যা মাধ্যমিক শিক্ষা বোর্ড॥ বিপাকে চার হাজার পরীক্ষার্থী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডগুলোর অনীহা এবং গাফিলতির কারণে চতুর্থ বিষয় হিসাবে 'বেসিক ট্রেড' গ্রহণকারী সারা দেশের প্রায় ৪ হাজার এসএসসি পরীক্ষার্থী অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছে। এসব

**রাজু মোস্তাফিজ,** কুড়িগ্রাম থেকে

পরীক্ষার্থী না পারছে ঐচ্ছিক বিষয় বদলাতে না পাচ্ছে নির্দিষ্ট নম্বর পাওয়ার নিশ্চয়তা।

■ জানা গেছে, ১৯৯৪ সাল থেকে শিক্ষা বোর্ডগুলো দেশের প্রতিটি স্কুলে এসএসসি পরীক্ষায় 'বেসিক ট্রেড'কে ঐচ্ছিক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করে। কিন্তু অন্যান্য ঐচ্ছিক বিষয়গুলোর ১০০ নম্বরের মধ্যে ৪০ নম্বর বাদ দিয়ে বাকি প্রাপ্ত নম্বর মোট নম্বরের সঙ্গে যুক্ত করার বিধান থাকলেও এ ক্ষেত্রে তার ব্যতিক্রম করে ৬০ নম্বর বাদ দিয়ে বাকী নম্বর যুক্ত করার নির্ধান করা হয়। ফলে 'বেসিক ট্রেড' গ্রহণকারী পরীক্ষার্থীরা ২০ নম্বর থেকে এমনিতেই বঞ্চিত থাকছে। এতে অনেক পরীক্ষার্থী সব বিষয়ে পাস করেও মোট নম্বর কম হওয়ায় অকৃতকার্য হয়েছে। অনেক মেধাবী পরীক্ষার্থী প্রথম বিভাগ এবং মেধা তালিকায় স্থান পায়নি। একই যাত্রায় দু'রকম নিয়ম-এর কারনে এমনটি ঘটেছে।

বিষয়টি যুক্তিযুক্ত নয় এবং অমানবিক বিবেচনা করে জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি গত ২২ জুন/৯৬ তারিখের সভায় সিদ্ধান্ত নেয় "বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের প্রবিধান অনুযায়ী ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষায় 'বেসিক ট্রেড' বিষয় গ্রহণকারী পরীক্ষার্থীরা ৬০ নম্বর বাদে বাকি প্রাপ্ত নম্বর মোট নম্বরের সঙ্গে পাবেন। এরপর থেকে এ নিয়ম রহিত হয়ে ৪০ নম্বর বাদে বাকি নম্বর যুক্ত করা হবে।

"মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তটি ভোকেশনাল বিভাগের পরিচালক স্মারক নং ভিটি/৯৬৮/৯৬/১৭২৮ (৬৫) মারফত দেশের ৫১টি ভোকেশনাল ট্রেনিং ইনিস্টিটিউটে জানিয়ে দেন। '৯৬ সালের এই সিদ্ধান্তের ফলে সে সময়ে নবম শ্রেণীতে অধ্যয়নরত দেশের প্রায় ৪ হাজার ছাত্রছাত্রী ঐচ্ছিক বিষয় হিসাবে 'বেসিক ট্রেড' গ্রহণ করে রেজিস্ট্রেশন করে।

■ এদিকে ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর দেখা যায় শিক্ষা বোর্ডগুলো মন্ত্রণালয়ের সিদ্ধান্ত না মেনে পূর্বের নিয়ম অনুযায়ী ৬০ নম্বর বাদ দিয়ে বাকি প্রাপ্ত নম্বর মোট নম্বরের সঙ্গে যুক্ত করেছে। এর ফলে এ বিষয় গ্রহণকারী পরীক্ষার্থীরা আতঙ্কিত হয়ে পড়ছে। তারা জানে না আগামী এসএসসি পরীক্ষায় তাদের ভাগ্যে কি ঘটবে?

■ "বেসিক ট্রেডের" শিক্ষক মোঃ নূরুল ইসলাম জানান, বোর্ডগুলো শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত নাম নায় ভবিষ্যতে ছাত্রছাত্রীরা 'বেসিক ট্রেড' গ্রহণে নিরুৎসাহিত হবে। কেননা ২০ নম্বর পরীক্ষার্থীদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে দেশের বেকার সমস্যা সমাধানে কারিগরি শিক্ষার সম্প্রসারণ দারুনভাবে ব্যহত হবে।